১৮

গেটওয়ের কাজে জড়িত হওয়া

Getting involved with Gateway
– Bengali translation

gateway housing association

আমরা বিশ্বাস করি যে আমরা যা কিছু করছি তার সব কিছুর উদ্দেশ্য হচ্ছেন আপনারা অর্থাৎ আমাদের বাসিন্দাগণ। আমরা চাই যে আমাদের সার্ভিস সম্পর্কে আপনারা মতামত দিন এবং আমরা কিভাবে তা আরো উন্নত করতে পারি তা আমাদেরকে বলুন।

আমরা চাই যে আপনারা আমাদের কাজে জড়িত হউন। আমাদের সকল কাজে ও সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় জড়িত হওয়ার জন্য বাসিন্দাদেরকে আমরা উৎসাহিত করছি।

আমরা জানি যে একজন আরেকজন থেকে আলাদা। একজন বাসিন্দার মতামত আরেকজন থেকে আলাদা হতেই পারে। আমরা চাই আপনার সুবিধামত স্তরে আপনি জড়িত হউন এবং আমাদের সার্ভিস সম্পর্কে মতামত প্রকাশের জন্য আপনাদেরকে যত বেশি সম্ভব সুযোগ দেব। অনেকভাবে আপনারা গেটওয়ের কাজে জড়িত হতে পারেন।

আমাদের অঙ্গীকার:

- আপনারা যেভাবে জড়িত হতে পারেন সে সম্পর্কে স্পস্ট তথ্য প্রদান করব;
- আপনি যেখানে জড়িত হতে আগ্রহী এবং আপনার সুবিধামত স্তরে যাতে আপনি জড়িত হতে পারেন তা নিশ্চিত করব;
- যারা জড়িত হতে চাচ্ছেন তারা যেন জড়িত হতে পারেন তা নিশ্চিত করব;
- জড়িত হওয়ার জন্য আপনার যে সহযোগিতা ও উৎসাহ দরকার আমরা তা প্রদান করব;
- কমপক্ষে ১২টি উপায়ে আপনারা জড়িত হতে পারবেন। এই বুকলেটের পরবর্তী অংশ থেকে আপনারা সে সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন।
- আপনারা সহজেই যাতে জড়িত হতে পারেন তার জন্য আমরা আপনাদেরকে পরিবহণ, শিশুসেবা বা চাইল্ড কেয়ার ও প্রশিক্ষণ বা ট্রেনিং দেব;
- প্রতি বছর রেসিডেন্ট-ইনভলভমেন্ট স্টেটমেন্ট প্রকাশ করব যা আপনাদের সামনে আমাদের আগামী বছরের লক্ষ্যগুলো তুলে ধরবে;
- আপনারা কিভাবে জড়িত হতে পারেন তার বর্ণনা রেসিডেন্টস’ হ্যান্ডবুকে অন্তর্ভূক্ত করব;
- যাতে আপনাদের জড়িত হওয়ার উদ্দেশ্য সফল হয় তার জন্য প্রশিক্ষণ বা ট্রেনিং দেব;
- আপনাদেরকে সাহায্য করার জন্য বছরে কমপক্ষে ৬টি প্রশিক্ষণ সেশন চালু করব;
- আমাদের সার্ভিসের মান উন্নয়নে আপনাদের মতামতকে গুরুত্ব দেব;
- টেন্যান্ট ও লীজহোল্ডারদের জন্য প্রতি বছর একটি ইভেন্টের আয়োজন করা হবে যেখানে আপনারা উর্ধতন কর্মকর্তা ও কর্মচারীদের কাছ থেকে কিছু জানার থাকলে তা জানতে পারবেন।

- আপনাদের কমিউনিটি গ্রুপের সফলতাগুলো আমাদের নিউজলেটার ‘ওপেন ডোরে’ প্রকাশ করব;

- আমরা যেভাবে আপনারেদকে সার্ভিস দেই তাকে বাসিন্দা হিসাবে আপনারা কতটুকু প্রভাবিত করতে পেরেছেন এবং আপনাদের অংশগ্রহণে কতটুকু পরিবর্তন ঘটেছে তা দেখার জন্য প্রতি বছর একবার ‘ইমপ্যাক্ট এ্যাসেসমেন্ট অফ রেসিডেন্ট ইনভলভমেন্ট’ করব।

যেভাবে আপনারা জড়িত হতে পারেন

আপনারা যেসব উপায়ে জড়িত হতে পারেন তা এখানে তালিকা আকারে প্রকাশ করা হল।

চাবির (Key) **ছবি**
আপনাদের অংশগ্রহণে আমাদের সার্ভিস কতটা প্রভাবিত হতে পারে তা চাবির মাধ্যমে দেখানো হল। যত বেশি চাবি থাকবে ঐ কাজে আপনাদের অংশগ্রহণের প্রভাব বা ইনফ্লুয়েন্স তত বেশি হবে।

ঘড়ির (clock) **ছবি**
প্রতিটি কাজে কত সময় লাগতে পারে তা ঘরির ছবিতে দেখানো হল। যত বেশি ঘরি থাকবে ঐ কাজে তত বেশি সময় লাগবে।

নির্দেশক (Key)

প্রভাবের হার বা ইনফ্লুয়েন্স রেটিং

গেটওয়ে এবং আমাদের সার্ভিসে অনেক বেশি প্রভাব বা ইনফ্লুয়েন্স

আমাদের সার্ভিসে মোটামুটি প্রভাব বা ইনফ্লুয়েন্স

আমাদের সার্ভিসে কম প্রভাব বা ইনফ্লুয়েন্স

সময়ের পরিমাণ বা টাইম রেটিং

প্রতি মাসে দুই থেকে তিন ঘন্টা

প্রতি তিন মাসে দুই থেকে তিন ঘন্টা

প্রতি তিন মাসে ৩০ মিনিট বা প্রতি বছর চার থেকে পাঁচ ঘন্টা

১ বোর্ড ও কমিটির সদস্য পদ বা মেম্বারশীপ

বাসিন্দারা আমাদের বোর্ড বা কমিটিতে অন্তর্ভূক্ত হয়ে আমাদের সংগঠনের পরিচালনায় সঠিক ভূমিকা রাখতে পারেন। আপনাদের জড়িত হওয়ার জন্য এটি হচ্ছে সর্বোচ্চ স্তর। সকল বোর্ড ও কমিটি সদস্যদের একটি নির্দিষ্ট বাছাই প্রক্রিয়ার মাধ্যমে আসতে হয় যেখানে আবেদন পত্র পূরণ ও সাক্ষাৎকার বা ইন্টারভিউ অন্তর্ভূক্ত রয়েছে।

আমাদের বোর্ডে তিনজন বাসিন্দা থাকতে পারবেন। আমাদের কাজ তদারকি করার জন্য একটি প্রধান বোর্ড ও তিনটি কমিটি রয়েছে। এই কমিটিগুলো হচ্ছে পারফরম্যান্স ম্যানেজমেন্ট, পারসোনেল এবং রিস্ক এন্ড অডিট।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

২ রেসিডেন্টস' প্যানেল

রেসিডেন্টস' প্যানেল বাসিন্দাদেরকে গেটওয়ের স্ট্রাটেজিক স্তরে প্রভাব বিস্তার করা ও মূল উদ্দেশ্য অর্জনের জন্য সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় অংশগ্রহণ করার সুযোগ করে দেয়। আমাদের পারফরম্যান্স-মনিটরিং কমিটির মত এই প্যানেলের সমানভাবে প্রভাব বিস্তারের ক্ষমতা রয়েছে। প্রতি দুই মাস পরপর এই প্যানেল মিলিত হয়।

যেসব বাসিন্দা প্যানেলে যোগ দিতে চান তাদেরকে আমরা ট্রেনিং ও সহযোগিতা প্রদান করব। রেসিডেন্টস' প্যানেলের সদস্য হতে হলে আপনাকে একটি মৌখিক সাক্ষাৎকারে অংশ নিতে হবে যেখানে আমরা আপনার কাছে জানতে চাইব যে আপনি কেন এই প্যানেলে যোগ দিতে চান এবং এ বিষয়ে আপনার কি অভিজ্ঞতা রয়েছে।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

৩ রেসিডেন্টস' ফোরাম

রেসিডেন্টস' ফোরাম বাসিন্দাদের গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে আমাদের কর্মচারীদের সাথে নিয়মিত আলোচনা করে। এছাড়াও তারা কমিউনিটি চেষ্ট তহবিল (এটি একটি তহবিল যেখান থেকে আপনি কমিউনিটি ইভেন্ট বা প্রজেক্টের জন্য অর্থ চেয়ে আবেদন করতে পারেন) থেকে অর্থ বরাদ্দ দেয় এবং বছরের পরিবেশ উন্নয়ন গ্রান্ট কর্মসূচী (এনভায়রনমেন্টাল ইমপ্রুভমেন্ট গ্রান্ট প্রগাম) অনুমোদন করে।

আপনি যদি রেসিডেন্টস’ ফোরামের সদস্য হতে চান তাহলে আমরা প্রয়োজনীয় প্রশিক্ষণ (ট্রেনিং), পরামর্শ ও অর্থসহ সব ধরনের সহযোগিতা দেব। গেটওয়ের যে কোন বাসিন্দা এই ফোরামে জড়িত হতে পারে।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

৪ বাসিন্দাদের নির্দিস্ট দল বা গ্রুপের ফোরাম

ডিসাবলড রেসিডেন্টস’ ফোরাম

প্রতি তিন মাস পরপর ডিসাবলড রেসিডেন্টস’ ফোরামের বৈঠক বসে এবং সকল ডিসাবলড বাসিন্দা ও তাদের কেয়ারারগণ এখানে আসতে পারেন। এই গ্রুপ ডিসাবলড বাসিন্দাদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো দেখে এবং আমাদের ‘ডিসাবিলিটি ইক্যুয়ালিটি এ্যাকশন প্লান’ অর্থাৎ ডিসাবলড বাসিন্দাদেরকে আমরা কিভাবে সার্ভিস দেই তা তদারকি করে।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

লীজহোল্ডারস’ ফোরাম

লীজহোল্ডারস’ ফোরাম গেটওয়ের লীজহোল্ডার ও ক্রমবর্ধমান আংশিক-মালিকানা বা শেয়ারড-ওনারশীপ ভিত্তিক বাসিন্দাদের প্রতিনিধিতিত্ব করে। এই গ্রুপ লীজহোল্ডারদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো তদারকি করে। প্রতি তিন মাস পরপর এই গ্রুপের বৈঠক বসে যেখানে লীজহোল্ডার ও শেয়ারড ওনারগণ আসতে পারেন।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

শেল্টার্ড হাউজিং ফোরাম

তিন মাস পরপর শেল্টার্ড হাউজিং ফোরামের বৈঠক বসে। আমাদের সকল শেল্টার্ড স্কিমের বাসিন্দারা এখানে আসতে পারেন। প্রত্যেক বৈঠকের দুই সপ্তাহ আগে আপনার শেল্টার্ড স্কিমের নোটিশ বোর্ডে আমরা বৈঠকের নোটিশ দেই।

শেল্টার্ড হাউজিং ফোরামের লক্ষ্য হচ্ছে:

- বিভিন্ন স্কিমের মধ্যে সামাজিক আচার অনুষ্ঠান বা সোশ্যাল একটিভিটিজ আয়োজনে সাহায্য করা;
- শেল্টার্ড হাউজিং স্কিমের বাসিন্দাদেরকে আমরা যে সার্ভিস দেই তা উন্নত করা;
- স্কিমগুলোর মধ্যে তথ্য শেয়ার করা এবং যে ক্ষেত্রগুলো আমরা উন্নত করতে পারি তা চিহ্নিত করা; এবং
- বাসিন্দাদের তথ্য ও পরামর্শ দেয়া।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

ANNUAL SHELTERED
HOUSING QUIZ

৫ রেসিডেন্টস' এ্যাসোসিয়েশন ও গ্রুপ

রেসিডেন্টস' এ্যাসোসিয়েশন ও গ্রুপগুলো মিলিত হয়ে স্থানীয় বা লোকাল বিষয়সমূহ নিয়ে আলোচনা করে কমিউনিটিগুলোকে একত্রিত করতে সহায়ক হয়। মাঝেমাঝে সাধারণ ইস্যুতে আপনারা ক্যাম্পেইন করতে আগ্রহী হতে পারেন, আবার কখনো কখনো ফান ডে ও সোশ্যাল ইভেন্ট আয়োজন করতে চাইতে পারেন।

রজার ডাউলি কোর্ট (কেবল লীজহোল্ডারদের জন্য), ক্রুমলি-বাই-বো, সেন্ট্রাল স্টেপনী, পারফেট্ট, ফোর্ডহাম ও মার্ডল স্ট্রীট, সুইডেনবর্গ গার্ডেনস, হাডলস্টোন ক্লজ এবং হোমসডেল হাউজসহ আমাদের অনেক স্কিম ও এলাকায় রেসিডেন্টস' গ্রুপ (ফরমাল বা ইনফরমাল উভয়ই) আছে।

আপনার এলাকায় এই ধরনের গ্রুপ গঠন করতে চাইলে বা এ ধরণের গ্রুপে যোগ দিতে চাইলে আমাদের সাথে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে বা involvement@gatewayhousing.org.uk ইমেইলে যোগাযোগ করুন।

রেসিডেন্টস' গ্রুপ যাতে ঠিকমত পরিচালিত হয় এবং তাদের কাজ করতে পারে তার জন্য আমরা সহযোগিতা করে থাকি। আপনার গ্রুপ যদি আমাদের নীতি অনুযায়ী খোলামেলা (ওপেন) ও গণতান্ত্রিক বা ডেমোক্রেটিক হয় (যেখানে সবাই অংশ নিতে পারেন) তাহলে আমরা অল্প পরিমাণ অর্থ গ্রান্ট হিসাবে দিয়ে থাকি।

ইনফ্লুয়েন্স রেটিং 🔑🔑🔑
টাইম রেটিং 🕒🕒🕒

৬ রেসিডেন্টস' মিটিং

ফোকাস গ্রুপ

আমাদের সর্ভিসের নির্দিস্ট কোন বিষয় পর্যালোচনা করার জন্য আমরা অনেক সময় ফোকাস গ্রুপের আয়োজন করি। আমাদের সার্ভিস কেমন হচ্ছে এবং কিভাবে আমরা তা আরো উন্নত করতে পারি সে সম্পর্কে উপস্থিত লোকজন এই বৈঠকে তাদের মতামত দেন। উদাহরণ হিসাবে তারা আমাদের রিপেয়ার ও মেনটেন্যান্স সার্ভিস বা ডিসাবলড বাসিন্দাদেরকে আমরা যে সার্ভিস দেই সে সম্পর্কে তাদের মতামত দিতে পারেন।

ইনফ্লুয়েন্স রেটিং 🔑🔑🔑
টাইম রেটিং 🕒

টেন্যান্ট ইনভলভমেন্ট গ্রুপস (TIGs) - শেল্টার্ড হাউজিং স্কিম

আমাদের প্রত্যেকটি শেল্টার্ড হাউজিং স্কিমে একটি করে টেন্যান্ট ইনভলভ্মেন্ট গ্রুপ (TIG) রয়েছে। তারা একত্রিত হয়ে আপনার স্কিমের উদ্বেগজনক সমস্যা (যেমন মেনটেন্যান্স সমস্যা) নিয়ে আলোচনা করেন। এছাড়াও আমরা কিভাবে আমাদের সার্ভিসের মান আরো উন্নত করতে পারি এবং সামাজিক কর্মকান্ড ও ভ্রমণের (সোশ্যাল একটিভিটিস এন্ড আউটিংস) আয়োজন করতে পারি সে সম্পর্কে আপনারা মতামত ও পরামর্শ দিতে পারেন। আপনার স্কিমের সকল বাসিন্দার জন্য টিআইজি (TIG) উন্মুক্ত।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

৭ ১০০ ক্লাব কনসিউমার প্যানেল

ভোক্তা বা কনসিউমার প্যানেল ১০০ ক্লাব হচ্ছে একটি কনসিউমার প্যানেল যেখানে প্রায় ১০০ জন সদস্য রয়েছেন। তিন মাস পরপর আমাদের সার্ভিস সম্পর্কে মতামত চেয়ে আমরা তাদের কাছে শর্ট সার্ভে পাঠাই। একটি সার্ভে পূরণ করতে মাত্র ১০ মিনিট সময় লাগে এবং আমাদের সার্ভিস উন্নয়নে সাহায্য করে।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

৮ সার্ভে (Surveys)

আমরা কেমন সার্ভিস দিচ্ছি সে সম্পর্কে মতামত জানার জন্য নিয়মিত আমরা আপনাদের কাছে সার্ভে পাঠাই।

আমরা প্রতি দুই বছর পরপর একটি বড় আকারের 'সন্তুষ্টি জরিপ বা স্যাটিসফ্যাকশন সার্ভে' (যাকে 'স্টাটাস বা STATUS' সার্ভে বলে) পাঠাই যার মাধ্যমে সার্ভিস সম্পর্কে আমরা আপনাদের সামগ্রিক মতামত জানতে পারি।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

৯ রেসিডেন্টস' ইভেন্টস

আমাদের বার্ষিক রেসিডেন্টস' ইভেন্টে আমাদের কাজ সম্পর্কে আয়োজিত ওয়ার্কশপ ও সেমিনারে আপনারা অংশগ্রহণ করতে পারেন। সব বাসিন্দা আসতে পারেন - যত বেশি বাসিন্দা আসবেন তত ভাল।

এ ছাড়াও আমরা ওপেন ডে বা ফান ডেসহ আপনাদের এলাকা বা স্কিমে ইভেন্ট ও শেল্টার্ড স্কিমে পার্টির আয়োজন করতে পারি।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

১০ মিস্টেরি শপিং

আমরা বাসিন্দাদেরকে ‘মিস্টেরি শপার’ হওয়ার জন্য প্রশিক্ষণ বা ট্রেনিং দেই। তারা আমাদের কাস্টমার সার্ভিস টীম ও অন্যান্য সেকশনে সাধারণ কাস্টমারের মত যোগাযোগ করেন। যেমন, তারা কোন রেন্ট স্টেটমেন্ট চাইতে পারেন বা কোন মেরামত সম্পর্কে জানাতে পারেন। অতপর তারা যাচাই করেন যে তারা ভাল সার্ভিস পেয়েছেন না খারাপ সার্ভিস পেয়েছেন। তারপর মিস্টেরি শপারের দেয়া তথ্য অনুযায়ী আমরা সার্ভিসের মান উন্নয়ন করি।

মিস্টেরি শপিং-এ অংশগ্রহণ করার জন্য মিস্টেরি শপারগণকে ভাউচার দেয়া হয়। মিস্টেরি শপার সম্পর্কে আমাদের স্টাফদেরকে আমরা কিছুই জানাই না।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

১১ রেসিডেন্টস’ ট্রেনিং

যেসব বাসিন্দারা দক্ষতা অর্জনের মাধ্যমে জড়িত হতে চান তাদেরকে আমরা প্রশিক্ষণ দিয়ে থাকি। এর মধ্যে থাকতে পারে মিটিং-এ সভাপতিত্ব করা, মিটিং-এর বিষয়বস্তু বা মিনিউটস লেখা, আর্থিক তথ্য বোঝা কিংবা একটি হাউজিং এ্যাসোসিয়েশন কিভাবে চলে তা শেখার প্রশিক্ষণ।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

১২ ব্যাক্তিগত প্রতিক্রিয়া বা ইনডিভিজুয়াল রেসপনস - মন্তব্য, প্রশংসা বা অভিযোগ

আপনারা যে কোন সময় আমাদের ওয়েবসাইটের মাধ্যমে, ইমেইলে, ফোনে অথবা অফিসে এসে আমাদের সার্ভিস সম্পর্কে আপনাদের মতামত জানাতে পারেন এবং আমরা তা কিভাবে উন্নত করতে পারি সে বিষয়ে পরামর্শ দিতে পারেন। আমাদের সাথে যোগাযোগের বিস্তারিত এই লিফলেটের শেষে উল্লেখ করা হয়েছে।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

১৩ ইন্টারভিউ এন্ড সিলেকশন প্যানেল

সম্প্রতি বাসিন্দারা আমাদের নতুন মেনটেন্যান্স কন্ট্রাক্টর বাছাইয়ে সাহায্য করেছেন। এ ছাড়াও অন্য বাসিন্দারা রেসিডেন্টস’ প্যানেলের ইন্টারভিউতে সাহায্য করেছেন এবং এমনকি তারা রেসিডেন্ট ইনভলভমেন্ট ম্যানেজার নিয়োগেও সহযোগিতা করেছেন।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

১৪ রিডারস' গ্রুপ

রিডাস' গ্রুপের সদস্য হয়েও আপনি আমাদের সাহায্য করতে পারেন। আমরা বাসিন্দাদের কাছে যে তথ্যগুলো পাঠাই তা ভালভাবে পড়া ও বোঝা যায় কিনা তা দেখাই এই গ্রুপের কাজ। আমরা আপনাকে যে তথ্যগুলো দেখতে বলতে পারি তা নিচে দেয়া হল।

- লিফলেটস
- হ্যান্ডবুকস
- আমাদের 'ওপেন ডোর' নিউজলেটার
- আমাদের বয়স্ক বাসিন্দাদের জন্য নিউজলেটার - গেটওয়ে কোম্পানিয়ন

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

১৫ এস্টেট ইন্সপেকশনস

ক্লিনিং ও গার্ডেনিং-এর মত যেসব সার্ভিস আমরা শেয়ারড এলাকায় দিয়ে থাকি তা তদারকি করার জন্য এস্টেট ইন্সপেকশন বাসিন্দা, কর্মচারী ও কন্ট্রাক্টরদের সুযোগ দেয়।

প্রতি ছয় থেকে আট সপ্তাহ পরপর এস্টেট ইন্সপেকশন করা হয়। আপনারা চাইলে আমরা বার্তি এস্টেট ইন্সপেকশনের ব্যবস্থা করতে পারি।

ইনফ্লুয়েন্স রেটিং
টাইম রেটিং

আপনি এগুলোর যে কোন উপায়ে জড়িত হতে পারলে বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে আমাদের রেসিডেন্ট ইনভলভমেন্ট টীমের সাথে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে অথবা involvement@gatewayhousing.org.uk ইমেইলে যোগাযোগ করুন।

You can ask for this leaflet in large print, on audio tape or in another language. Please contact us on 020 8709 4300.

আপনি এই লিফলেটটি বড় ছাপায়, অডিও টেপে বা অন্য যে কোন ভাষায় পেতে পারেন। দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে। [Bengali]

Waxaad dalban kartaa warqaddan oo ku daabacan farta waawayn, iyadoo ku duuban cod ama ku tarjuman luqadaha beesha. fadlan nagala soo xidhiidh telefoonka ah 020 8709 4300. [Somali]

Możesz poprosić o tę ulotkę drukowaną dużą czcionką, w postaci zapisu audio lub w innym z języków społeczności. Skontaktuj się z nami pod numerem telefonu 020 8709 4300. [Polish]

Quý vị có thể xin tờ rơi (tờ thông tin) này bằng khổ chữ lớn, băng ghi âm hoặc tiếng nói khác trong cộng đồng. Xin vui lòng liên lạc với chúng tôi, điện thoại số 020 8709 4300. [Vietnamese]

你可要求這份單張的大字印刷本、錄音或其他社區語言的版本，請致電 020 8709 4300 與我們聯絡。 [Chinese]

آپ یہ کتابچہ بڑے حروف، آڈیو یا کسی دوسری کمیونٹی زبان میں طلب کر سکتے ہیں۔ براہ مہربانی ہم سے فون نمبر 020 8709 4300 پر رابطہ کریں۔ [Urdu]

Gateway Housing Association
409-413 Mile End Road, London, E3 4PB
Residents: 020 8709 4300
General enquiries: 020 8709 4409
Fax: 020 8709 4400
Textphone: 020 8981 3729
Email: enquiries@gatewayhousing.org.uk
www.gatewayhousing.org.uk

Awarded for excellence

INVESTOR IN PEOPLE

North River Alliance

আমরা আপনাদেরকে যে সার্ভিসগুলো প্রদান করব এই লিফলেটের মাধ্যমে সেসম্পর্কে তথ্য প্রদান করা হল। টেন্যান্সি এগ্রিমেন্ট অনুযায়ী আপনার যে অধিকারগুলো আছে এই লিফলেট তাতে কোন পরিবর্তন আনবে না। **এই লিফলেটটি তৈরী করতে যে বাসিন্দারা সাহায্য করেছেন তাদেরকে অনেক অনেক ধন্যবাদ।**

Published January 2010